

শীঘ্র সরকারী কলেজে ১৪০০ প্রভাষক নিয়োগ

সুনীল ব্যানার্জি : খুব শীঘ্র সরকারী বিভিন্ন কলেজে প্রায় ১৪শ' প্রভাষক নিয়োগ করা হবে। এদেরকে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে জরুরীভিত্তিতে নিয়োগ করা হচ্ছে। বিভিন্ন সূত্রে জানা গেছে : এসব প্রভাষক নিয়োগের জন্য মাত্র ৪শ' নম্বরের ভিত্তিতে ১৬তম বিসিএস (বিশেষ) পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে। আইন ও বিচার মন্ত্রণালয় এই বিশেষ বিসিএস পরীক্ষা নেয়া অনুমোদন করেছে। অনুমোদিত সিদ্ধান্ত অনুযায়ী সরকারী কলেজে প্রভাষক নেয়ার জন্য ৪শ' নম্বরের লিখিত মৌখিক ও মনস্তাত্ত্বিক পরীক্ষা নেয়ার কথা। এরই মধ্যে লিখিত পরীক্ষা শেষ হয়েছে। এতে প্রায় ১৯ হাজার পরীক্ষার্থী অংশ নেয়। পরীক্ষার্থীদের প্রায় সবাই মাস্টার্সের প্রথম শ্রেণী

পাওয়া। এদের মধ্য থেকে ৮৯৫৬ জনকে মনস্তাত্ত্বিক পরীক্ষার জন্য ডাকা হয়েছে। আগামী ২৫ নবেম্বর ঢাকার ৬টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরপর মৌখিক পরীক্ষার পর চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে। নির্ভরযোগ্য সূত্রের খবর : সরকারী কলেজগুলোতে জরুরীভিত্তিতে প্রভাষক নেয়ার জন্য সরকার থেকে সম্ভাব্য দ্রুত ১৬তম বিসিএস (বিশেষ) পরীক্ষা সম্পন্ন করতে বলা হয়েছে। আশা করা যাচ্ছে, আগামী বছরের প্রথমার্ধে এই পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশ হবে। ফল প্রকাশের পর পরই সংস্থাপন মন্ত্রণালয় পুলিশ ভেরিফিকেশন ও ডাক্তারী পরীক্ষায় (৫-এর পৃঃ ৫ঃ)

(প্রথম পৃষ্ঠার পর) শীঘ্র সরকারী কলেজে ১৪০০ প্রভাষক নিয়োগ

উত্তীর্ণ প্রার্থীদের চাকরিতে নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কাছে সুপারিশ করবে। জানা গেছে : বর্তমানে বিভিন্ন সরকারী কলেজে ২ হাজারেরও বেশী প্রভাষকের পদ খালি রয়েছে। এর মধ্যে প্রায় ১৪শ' প্রভাষকের পদ খালি রয়েছে গত বছরের সেপ্টেম্বর থেকে। সবচেয়ে বেশী প্রভাষকের পদ খালি রয়েছে ইসলামিক ইতিহাস, বাংলা ও ইংরেজী বিষয়ের। এই তিনটি বিষয়ে প্রভাষক পদ খালি রয়েছে যথাক্রমে ১৮৮, ৯৬ ও ৮২। সবচেয়ে কম সংখ্যক খালি প্রভাষকের পদ নার্সারিতে। খালি পদের সংখ্যা মাত্র ১। এ বিষয়ে এর আগে কখনও ক্যাডার সার্ভিস থেকে লোক নেয়া হয়নি। কারণ এ বিষয়ে কোন পদও সৃষ্টি হয়নি এতদিন। উল্লিখিত ২ হাজার প্রভাষকের মধ্যে ৬শ' পদ সম্পূর্ণ খালি রয়েছে। এই ৬শ' পদে প্রভাষক নিয়োগ করা হতে পারে ১৭তম

বিসিএস পরীক্ষার মাধ্যমে। উল্লেখ্য, এক আগে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন ১৫তম বিসিএস লিখিত ও মনস্তাত্ত্বিক পরীক্ষা নিয়েছে। এর মাধ্যমে, বিভিন্ন ক্যাডারের ১১১৬ জন গেজেটেড অফিসার নিয়োগ করা হবে। গত বছর এপ্রিলে অনুষ্ঠিত ১৫তম বিসিএস লিখিত পরীক্ষায় প্রায় ৬০ হাজার প্রার্থী অংশ নিয়েছিল। এর মধ্যে প্রায় ৮২০০ প্রার্থীকে গত ৪ঠা নবেম্বর অনুষ্ঠিত মনস্তাত্ত্বিক পরীক্ষায় ডাকা হয়। এদের মধ্য থেকে উত্তীর্ণদের মৌখিক পরীক্ষায় ডাকা হবে। পাবলিক সার্ভিস কমিশনের একজন কর্মকর্তা জানান : ১৫তম বিসিএস ও ১৬তম বিসিএস (বিশেষ) পরীক্ষা ত্বরান্বিত করার সম্ভাব্য চেষ্টা চলছে। উক্ত কর্মচারী আশা প্রকাশ করে বলেন : আগামী বছরের প্রথমার্ধে উভয় পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশের জন্য চেষ্টা চলছে।